# শিশু আইন

(সর্বশেষ সংশোধনী, আলোচনা এবং উচ্চ আদালতের সিদ্ধান্তসহ)

পরিমার্জিত সংস্করণ



মোঃ আবু শামীম আজাদ
সিনিয়র জেলা ও দায়রা জজ

# এক নজরে সূচিপত্র

## শিশু আইন, ২০১৩

(২০১৩ সনের ২৪ নং আইন)

### প্রথম অধ্যায়

### প্রারম্ভিক


১। সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন ১৫

২। সংজ্ঞা ১৫

৩। আইনের প্রাধান্য ১৯

৪। শিশু ১৯


### দ্বিতীয় অধ্যায়

### প্রবেশন কর্মকর্তা নিয়োগ এবং তাহাদের দায়িত্ব ও কর্তব্য


৫। প্রবেশন কর্মকর্তা ২৫

৬। প্রবেশন কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য ২৬


### তৃতীয় অধ্যায়

### শিশুকল্যাণ বোর্ড এবং উহার কার্যাবলী


৭। জাতীয় শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলী ২৯

৮। জেলা শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলী ৩২

৯। উপজেলা শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলী ৩৪

১০। বোর্ডের মনোনীত কর্মকর্তার মেয়াদ, ইত্যাদি ৩৬

১১। বোর্ডের সভা ৩৭

১২। জেলা শিশুকল্যাণ বোর্ড এবং উপজেলা শিশুকল্যাণ বোর্ড-এর উপদেষ্টা ৩৮

## চতুর্থ অধ্যায়

## শিশুবিষয়ক ডেস্ক, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা, ইত্যাদি


| | | |
|---|---|---|
| ১৩। | শিশুবিষয়ক ডেস্ক | ৩৯ |
| ১৪। | শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তার দায়িত্ব ও কার্যাবলি | ৩৯ |
| ১৫। | পুলিশ রিপোর্ট (investigation report) বা অনুসন্ধান প্রতিবেদন (inquiry report) বা তদন্ত প্রতিবেদন (enquiry report) পৃথকভাবে প্রস্তুত ও আমলে গ্রহণ | ৪২ |
| ১৫ক। | মামলা বিচারের জন্য প্রেরণ বা স্থানান্তর | ৪৩ |


## পঞ্চম অধ্যায়

## শিশু-আদালত এবং উহার কার্যবিবরণী


| | | |
|---|---|---|
| ১৬। | শিশু-আদালত | ৪৮ |
| ১৭। | শিশু-আদালতের অধিবেশন ও ক্ষমতা | ৪৯ |
| ১৮। | শিশু-আদালতের ক্ষমতা | ৫০ |
| ১৯। | শিশু-আদালতের পরিবেশ ও সুবিধাসমূহ | ৫৩ |
| ২০। | শিশুর বয়স নির্ধারণে প্রাসঙ্গিক তারিখ | ৫৪ |
| ২১। | [*****] বয়স অনুমান ও নির্ধারণ | ৫৪ |
| ২২। | বিচার প্রক্রিয়ায় শিশুর অংশগ্রহণ | ৬১ |
| ২৩। | শিশু-আদালতের অধিবেশনে উপস্থিতির অনুমতিপ্রাপ্ত ব্যক্তি | ৬২ |
| ২৪। | অভিযুক্ত শিশুর মাতা-পিতা বা অভিভাবকের শিশু-আদালতে উপস্থিতি | ৬৩ |
| ২৫। | শিশু ব্যতীত অন্য সকল ব্যক্তিকে শিশু-আদালত হইতে প্রত্যাহার | ৬৪ |
| ২৬। | [*****] শিশুকে নিরাপদ হেফাজতে রাখা | ৬৫ |
| ২৭। | ভাষা, দোভাষী ও অন্যান্য বিশেষ সহায়তামূলক পদক্ষেপ | ৬৬ |
| ২৮। | শিশু-আদালতের কার্যক্রমের গোপনীয়তা | ৬৬ |
| ২৯। | শিশু-আদালত কর্তৃক আইনের সহিত সংঘাতে জড়িত শিশুর জামিনে মুক্তি প্রদান | ৬৭ |
| ৩০। | শিশু-আদালত কর্তৃক আদেশ প্রদানের ক্ষেত্রে বিবেচ্য বিষয় | ৬৮ |
| ৩১। | সামাজিক অনুসন্ধান প্রতিবেদন | ৬৯ |
| ৩২। | বিচার সমাপ্তির সময়সীমা | ৭০ |
| ৩৩। | শিশুর ওপর নির্দিষ্ট ধরনের দণ্ড আরোপে বাধা-নিষেধ | ৭১ |
| ৩৪। | শিশু-আদালত কর্তৃক প্রদত্ত আটকাদেশ, ইত্যাদি | ৭২ |
| ৩৫। | নির্দিষ্ট বিরতিতে পর্যালোচনা ও মুক্তি প্রদান | ৭৬ |

৩৬। আদেশ প্রদানের ক্ষেত্রে পরিভাষা ব্যবহার ৭৭
৩৭। বিরোধ মীমাংসা ৭৭
৩৮। ক্ষতিপূরণ প্রদান ৭৮
৩৯। মাতা-পিতার ওপর ক্ষতিপূরণের অর্থ প্রদান করিবার আদেশ ৭৯
৪০। বিচারের ফলাফল ও মুক্তি সম্পর্কে তথ্য ৮০
৪১। আপিল ও পুনর্বিবেচনা ৮২
৪২। ফৌজদারী কার্যবিধির বিধানাবলীর প্রযোজ্যতা ৮২
৪৩। দোষী সাব্যস্ত হইবার কারণে অযোগ্যতার অপসারণ, ইত্যাদি ৮৩

**ষষ্ঠ অধ্যায়**

**গ্রেফতার, তদন্ত, বিকল্প পন্থা (Diversion) এবং জামিন**

৪৪। গ্রেফতার, ইত্যাদি ৮৪
৪৫। মাতা-পিতা ও প্রবেশন কর্মকর্তাকে অবহিতকরণ ৮৬
৪৬। তদন্ত ৮৭
৪৭। জবানবন্দি, সতর্কীকরণ ও মুক্তি ৮৭
৪৮। বিকল্প পন্থা (diversion) ৮৮
৪৯। পারিবারিক সম্মেলন ৯০
৫০। বিকল্প পন্থার মেয়াদ ৯২
৫১। বিকল্প পন্থার শর্ত ভঙ্গ বা বিকল্প পন্থার আদেশ পালনেব্যর্থতা ৯২
৫২। জামিন, ইত্যাদি ৯৩
৫৩। আইনের সংস্পর্শে আসা শিশু সম্পর্কে অবহিত করিবার দায়িত্ব ৯৬
৫৪। আইনের সংস্পর্শে আসা শিশুর ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা ও সুরক্ষা ৯৬

**সপ্তম অধ্যায়**

**আইনগত প্রতিনিধিত্ব ও সহায়তা**

৫৫। আইনগত প্রতিনিধিত্ব, ইত্যাদি ৯৯
৫৬। আইনগত প্রতিনিধির উপস্থিতি ১০০
৫৭। অপর্যাপ্ত আইনগত প্রতিনিধিত্ব ও অসদাচরণ ১০১
৫৮। সুরক্ষামূলক পদক্ষেপ ১০২

## অষ্টম অধ্যায়
## শিশু উন্নয়ন কেন্দ্র এবং প্রত্যয়িত প্রতিষ্ঠান


৫৯। শিশু উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা ও প্রত্যয়ন ১০৩
৬০। বেসরকারি উদ্যোগে প্রত্যয়িত প্রতিষ্ঠান ১০৪
৬১। বৈধ প্রত্যয়নপত্র ব্যতীত প্রতিষ্ঠান পরিচালনার দণ্ড ১০৪
৬২। প্রত্যয়িত প্রতিষ্ঠানে অবস্থানরত শিশুদের বিষয়ে অধিদপ্তরকে অবহিতকরণ ১০৪
৬৩। পরিচর্যার ন্যূনতম মানদণ্ড (Minimum Standards of Care) ১০৫
৬৪। সরকার বা উহার প্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত প্রতিষ্ঠান পরিদর্শন ১০৬
৬৫। বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে স্থানান্তর ১০৭
৬৬। অন্য প্রতিষ্ঠানে হস্তান্তর ১০৭
৬৭। সরকারের প্রত্যয়নপত্র প্রত্যাহারের ক্ষমতা ১০৭
৬৮। শিশুর ওপর জিম্মাদারের নিয়ন্ত্রণ ১০৮
৬৯। পলাতক শিশু সম্পর্কে করণীয় ১০৯


## নবম অধ্যায়
## শিশু সংক্রান্ত বিশেষ অপরাধসমূহের দণ্ড


৭০। শিশুর প্রতি নিষ্ঠুরতার দণ্ড ১১০
৭১। শিশুকে ভিক্ষাবৃত্তিতে নিয়োগের দণ্ড ১১০
৭২। শিশুর দায়িত্বে থাকাকালে নেশাগ্রস্ত হইবার দণ্ড ১১১
৭৩। শিশুকে নেশাগ্রস্তকারী মাদকদ্রব্য কিংবা বিপজ্জনক ঔষধ প্রদানের দণ্ড ১১২
৭৪। মাদকদ্রব্য কিংবা বিপজ্জনক ঔষধ বিক্রয়ের স্থানসমূহে প্রবেশের অনুমতিদানের দণ্ড ১১২
৭৫। শিশুকে বাজি ধরিতে বা ঋণ গ্রহণে উসকানি প্রদানের দণ্ড ১১৩
৭৬। শিশুর নিকট হইতে দ্রব্যাদি বন্ধক গ্রহণ বা ক্রয় করিবার দণ্ড ১১৩
৭৭। শিশুকে যৌনপল্লীতে থাকিবার অনুমতিদানের দণ্ড ১১৪
৭৮। শিশুকে অসৎ পথে পরিচালনা করানো বা করিতে উৎসাহদানের দণ্ড ১১৫
৭৯। শিশুর দ্বারা আগ্নেয়াস্ত্র বা অবৈধ ও নিষিদ্ধ বস্তু বহন এবং সন্ত্রাসী কার্য সংঘটনের দণ্ড ১১৬
৮০। শিশুকে শোষণের দণ্ড ১১৭
৮১। সংবাদ মাধ্যম কর্তৃক কোন গোপন তথ্য প্রকাশের দণ্ড ১১৮
৮২। শিশুকে পলায়নের সহায়তার দণ্ড ১১৯
৮৩। মিথ্যা তথ্য প্রদানের ক্ষতিপূরণ ১২০

দশম অধ্যায়

বিকল্প পরিচর্যা, ইত্যাদি

৮৪। বিকল্প পরিচর্যা (alternative care) ১২১
৮৫। সুবিধাবঞ্চিত শিশুদের জন্য প্রাতিষ্ঠানিক পরিচর্যা ১২৩
৮৬। বিকল্প পরিচর্যা নির্ধারণকারী ১২৪
৮৭। অধিদপ্তর কর্তৃক বিকল্প পরিচর্যা ব্যবস্থা প্রতিষ্ঠা ১২৪
৮৮। বিকল্প পরিচর্যার মেয়াদ ও অনুসরণ (Follow-up) ১২৫
৮৯। সুবিধাবঞ্চিত শিশু ১২৬
৯০। ব্যক্তি বা সংস্থা কর্তৃক শিশুকে প্রেরণ, ইত্যাদি ১২৭
৯১। পুলিশ কর্তৃক শিশুকে প্রেরণ ১২৯
৯২। শিশুর যাচাই (Assessment) ১৩০
৯৩। শিশুকল্যাণ বোর্ড-এ তথ্য উপস্থাপন ১৩১
৯৪। [****]

একাদশ অধ্যায়

বিবিধ বিধানাবলী

৯৫। বিধি প্রণয়নের ক্ষমতা ১৩২
৯৬। আইনের কার্যকর বাস্তবায়নে সরকারের দাযিত্ব ১৩২
৯৭। অস্পষ্টতা দূরীকরণ ১৩২
৯৮। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ ১৩২
৯৯। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ ১৩২
১০০। রহিতকরণ ও হেফাজত ১৩৩

**সার্কুলার: শিশু আইন, ২০১৩ এর বিধানাবলী আবশ্যিকভাবে প্রতিপালন সংক্রান্ত ১৩৮**

**শিশু আইন, ১৯৭৪ ১৪১**

**জাতিসংঘ শিশু অধিকার বিষয়ক আন্তর্জাতিক সনদ ২৩৮**

**উচ্চ আদালতের নির্দেশনা ২৩৯**

# শিশু আইন, ২০১৩

(২০১৩ সনের ২৪ নং আইন)

জাতিসংঘ শিশু অধিকার সনদ বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান শিশু আইন রহিতক্রমে এতদ্‌সংক্রান্ত একটি নূতন আইন প্রণয়নের লক্ষ্যে প্রণীত আইন।

যেহেতু জাতিসংঘ শিশু অধিকার সনদে বাংলাদেশ পক্ষভুক্ত হইয়াছে; এবং যেহেতু উক্ত সনদ এর বিধানাবলী বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান শিশু আইন রহিতপূর্বক উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার লক্ষ্যে একটি নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ–

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন।**– (১) এই আইন শিশু আইন.২০১৩ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে, সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই আইনে-

(১) 'অধিদপ্তর' অর্থ সমাজসেবা অধিদপ্তর;

(২) 'আইনানুগ বা বৈধ অভিভাবক' অর্থ এমন কোন ব্যক্তি যিনি Guardian and wards Act, 1890 (Act No.Vlll of 1890) এর Section 7 এর অধীনে, শিশুর কল্যাণার্থে, আদালত কর্তৃক নিয়োগপ্রাপ্ত বা ঘোষিত অভিভাবক (Guardian);

(৩) 'আইনের সহিত সংঘাতে জড়িত শিশু (Children in Conflict with the Law)' অর্থ এমন কোন শিশু যে দণ্ডবিধির ধারা ৮২ ও ৮৩ এ বিধান সাপেক্ষে, বিদ্যমান কোন আইনের অধীন কোন অপরাধের দায়ে অভিযুক্ত অথবা বিচারে দোষী সাব্যস্ত;

(৪) 'আইনের সংস্পর্শে আসা শিশু (Children in Contact With the Law)' অর্থ এমন কোন শিশু, যে বিদ্যমান কোন আইনের অধীনে কোন অপরাধের শিকার বা সাক্ষী;

(৫) 'দণ্ডবিধি' অর্থ (Penal Code, 1860 (Act No. LV of 1860);

(৬) 'ধারা' অর্থ এই আইনের কোন ধারা;

(৭) 'নিরাপদ স্থান (Safe Home)' অর্থ কোন প্রত্যয়িত প্রতিষ্ঠান বা এমন কোন স্থান বা প্রতিষ্ঠান যাহার কর্তৃপক্ষ এই আইনের অধীনে শিশু আদালত, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা, প্রবেশন কর্মকর্তা বা, ক্ষেত্রমত, অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত শিশুকে নিরাপদ হেফাজতে রাখিবার দায়িত্ব পালন করে;

(৮) 'প্রত্যয়িত প্রতিষ্ঠান' অর্থ ধারা ৫৯ ও ৬০-এ উল্লেখিত কোন প্রত্যয়িত প্রতিষ্ঠান;

(৯) 'প্রবেশন কর্মকর্তা' (Probation officer)' অর্থ ধারা ৫ এ উল্লেখিত কোন প্রবেশন কর্মকর্তা;

(১০) 'ফৌজদারী কার্যবিধি' অর্থ Code of Criminal Procedure 1898 (Act No. V of 1898);

(১১) 'বর্ধিত পরিবার (Extended Family)' অর্থ দাদা, নানা,নানী, চাচা, চাচী, ফুফা, ফুফু, মামা, মামী, খালা,খালু, ভাই, ভাবী,ভগ্নি,ভগ্নিপতি বা এইরূপ রক্ষসম্পর্কীয় অথবা আত্মীয়তার বন্ধনে আবদ্ধ কোন আত্মীয়ের পরিবার;

(১২) 'বিকল্প' পরিচর্যা (alternative care)' অর্থ ধারা ৮৪ এর অধীন গৃহীত কোন ব্যবস্থা;

(১৩) 'বিকল্পপন্থা' (diversion)' অর্থ ধারা ৪৮-এর অধীন গৃহীত কোন ব্যবস্থা;

(১৪) 'ব্যক্তি' অর্থে, প্রযোজ্য ক্ষেত্রে, কোন কোম্পানী, সমিতি, সংস্থা বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে;

(১৫) 'বোর্ড' বা 'শিশুকল্যাণ বোর্ড' অর্থ ধারা ৭,৮ ও ৯ এর অধীন গঠিত ক্ষেত্রমত, জাতীয় শিশুকল্যাণ বোর্ড, জেলা শিশুকল্যাণ বোর্ড বা উপজেলা শিশুকল্যাণ বোর্ড;

(১৬) 'ভিক্ষা' অর্থ কোন ব্যক্তির নিকট হইতে অর্থ, অন্ন, বস্ত্র বা অন্য কোন দ্রব্যাদি প্রাপ্তি বা আদায়ের উদ্দেশ্যে-

(ক) কোন শিশুকে প্রদর্শন বা ব্যবহার করিয়া প্রকাশ্য স্থানে নাচ, গান, ভাগ্য গণনা, পবিত্র স্তবক পাঠ অথবা ভিন্ন কোন কলা-কৌশল গ্রহণ করা, ভান করিয়া হউক বা না হউক; বা

(খ) কোন শিশুর দেহে অনৈতিক প্রক্রিয়ায় ঘা, ক্ষত, আঘাত সৃষ্টি করা বা শিশুকে বিকলাঙ্গতায় পরিণত করা এবং অনুরূপ ঘা, ক্ষত, আঘাত বা বিকলাঙ্গতা প্রদর্শন করা বা প্রদর্শনের জন্য অনাবৃত রাখা; বা

(গ) মাদকদ্রব্য বা ঔষধ সেবনের মাধ্যমে কোন শিশুকে নিস্তেজ বা নির্জীব করিয়া রাখা বা ভিন্ন কোন উপায়ে মৃত হিসাবে সাজাইয়া রাখা;

১[(১৬ক) "ম্যাজিস্ট্রেট" অর্থ ফৌজদারী কার্যবিধির ধারা ৬ এর উপ-ধারা (৩) এ উল্লিখিত জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট যাহার অপরাধ আমলে গ্রহণ করিবার ক্ষমতা রহিয়াছে;]

(১৭) শিশু অর্থ ধারা ৪ এ উল্লিখিত শিশু হিসাবে নির্ধারিত কোন ব্যক্তি;

২[(১৮) 'শিশু-আদালত' অর্থ ধারা ১৬ এ উল্লিখিত কোন আদালত;]

(১৯) 'শিশু উন্নয়ন কেন্দ্র' অর্থ ধারা ৫৯ এর অধীন প্রতিষ্ঠিত কোন শিশু উন্নয়ন কেন্দ্র;

(২০) 'শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা' অর্থ ধারা ১৩ এর উপ-ধারা(২) এ উল্লেখিত শিশুবিষয়ক ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা;

(২১) 'সমাজকর্মী অর্থ অধিদপ্তর বা উহার অধীনে কর্মরত ইউনিয়ন সমাজকর্মী বা পৌর সমাজকর্মী অথবা খালাম্মা, বড়ভাইয়া, বা উক্তরূপ সমমানের কোন কর্মী, যে নামেই অভিহিত হউক না কেন, যিনি শিশুদের সেবাদানের সহিত সংশ্লিষ্ট;

(২২) 'সামাজিক অনুসন্ধান প্রতিবেদন' অর্থ ধারা ৩১ এর উল্লিখিত সামাজিক অনুসন্ধান প্রতিবেদন;

(২৩) 'সুবিধাবঞ্চিত শিশু' অর্থ ধারা ৮৯ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কোন শিশু;

(২৪) 'সভাপতি' অর্থ, ক্ষেত্রমত, জাতীয় শিশুকল্যাণ বোর্ড, জেলা শিশুকল্যাণ বোর্ড বা উপজেলা শিশুকল্যাণ বোর্ড এর সভাপতি।

## আলোচনা

শিশু আইন, ২০১৩ এর ২ ধারায় মোট ২৫ টি সংজ্ঞা প্রদান করা হয়েছে। এই ধারায় মূলতঃ কিছু শব্দ বা শব্দগুচ্ছের অর্থ (Meaning) কিংবা ইঙ্গিত (Indication) উল্লেখ করা হয়েছে। সংজ্ঞাগুলোর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য সংজ্ঞা হচ্ছে "আইনের সহিত সংঘাতে জড়িত শিশু এবং আইনের সংস্পর্শে আসা শিশু"।